ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৭৭
আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ (২৩ অক্টোবর, ২০২৫) প্রতিবাদী কলম পত্রিকায় ‘উপজাতি পড়ুয়াদের অধিকার লুট’ শিরোনামে প্রকাশিত সংবাদটি জনজাতি কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণ দিয়ে জানিয়েছে যে, প্রকাশিত সংবাদটি অসত্য এবং ভিত্তিহীন। এবিষয়ে প্রকৃত তথ্য হল ২০২৫ সালের এপ্রিল মাসে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের মোট ২৮,১৬৩ জন জনজাতি ছাত্রছাত্রীকে পোষ্ট মেট্রিক স্কলারশিপ প্রদান করা হয়েছে। যা মোট লক্ষ্যের প্রায় ৮৫ শতাংশ। এবিষয়ে ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের মধ্যে প্রথম রাজ্য যারা আর্থিক বছর শেষ হওয়ার এক মাসের মধ্যে পোষ্ট মেট্রিক স্কলারশিপ বিতরণ করেছে। জাতীয় স্তরে এবিষয়ে ত্রিপুরা গোয়ার পরেই দ্বিতীয় স্থানে রয়েছে। ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের কাছ থেকে বকেয়া অর্থ প্রাপ্তির পর অবশিষ্ট ৫১৫২ জন জনজাতি ছাত্রছাত্রীকে স্কলারশিপ প্রদান করা হবে। SNA-SPARSH অর্থ প্রদান ব্যবস্থার সাথে সম্পর্কিত কিছু প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে, এখনও ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রক অবশিষ্ট প্রায় ২৫.৬৩ কোটি টাকা প্রদান করতে পারেনি। অর্থমন্ত্রকের নির্দেশনা অনুযায়ী, এখন সমস্ত ধরণের অর্থ প্রদান নতুন SNA-SPARSH মোডের মাধ্যমে করা বাধ্যতামূলক। ফলস্বরূপ, অধিকাংশ রাজ্যই সুবিধাভোগীদের অর্থ বিতরণে, সমস্যার সম্মুখীন হচ্ছে, যার মধ্যে স্কলারশিপ বিতরনও অন্তর্ভূক্ত। এটি একটি সর্বভারতীয়স্তরের সমস্যা। SNA-SPARSH ব্যবস্থার মাধ্যমে অর্থ প্রদান করতে নতুন ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা, সিস্টেম যুক্ত হওয়া এবং পরবর্তীকালে ন্যাশনাল স্কলারশিপ পোর্টাল এর সাথে সংযুক্তি করার জন্য অতিরিক্ত সময় প্রয়োজন। SNA-SPARSH সম্পর্কিত সমস্যাটি সমাধান করার জন্য, ত্রিপুরা সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা ও রাজ্য নোডাল অফিসার এর নেতৃত্বে একটি দল জনজাতি বিষয়ক মন্ত্রক এবং NIC, নিউ দিল্লি তে সমস্যা নিরসণের জন্য আলোচনা করেন। এই সমস্যাটি উত্থাপন করে পূর্বের SNA-PFMS মোডের মাধ্যমে অর্থ প্রদানের জন্য এককালীন ছাড় দেওয়ার অনুরোধ জানানো হয়। রাজ্য সরকারের ধারাবাহিক প্রচেষ্টার পর ভারত সরকারের অর্থ মন্ত্রক অনুরোধটি বিবেচনা করে এবং পূর্বের SNA-PFMS মোডের মাধ্যমে সকল বকেয়া অর্থ প্রদানের জন্য এককালীন ছাড় মঞ্জুর করেন। এপ্রিল, ২০২৫-এ প্রায় ৮৫ শতাংশ জনজাতি ছাত্রছাত্রী (২৮১৬৩ জন) পূর্বের SNA-PFMS মোডের মাধ্যমে স্কলারশিপ পেয়ে গেছেন। দপ্তর বকেয়া অর্থ প্রদানের জন্য উদ্যোগ নিয়েছে এবং এই বিষয়ে ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের সাথে নিয়মিত যোগাযোগ চলছে। ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের কাছ থেকে বকেয়া অর্থ পাওয়ার সাথে সাথেই SNA-PFMS মোডের মাধ্যমে অবশিষ্ট যোগ্য জনজাতি ছাত্রছাত্রীদের স্কলারশিপের অর্থ প্রদান করা হবে। এবিষয়ে দপ্তর প্রস্তুত রয়েছে। পাশাপাশি আধার ব্যাঙ্ক সংযুক্তির সংক্রান্ত সমস্যার কারণে যেসমস্ত পেমেন্ট দেওয়া সম্ভব হয়নি সেগুলি সমাধানের বিষয়ে বিশেষ জোর দেওয়া হয়েছে।

******